**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আগামী ৮ই আগস্ট রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন । গণনা ১২ই আগষ্ট ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আইজিএম হাসপাতাল সংলগ্ন হরিজন কলোনীতে নবনির্মিত হরিজন আবাসনের উদ্বোধন করেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভিয়েনায় অস্ট্রিয়ার চ্যান্সেলর কার্ল নেহামারের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেছেন।**

**(৪) ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত দুটি খেলায় সরোজ সংঘ ও উমাকান্ত কোচিং সেন্টার জয়লাভ করেছে ।**

*********************************************

**STATE ELECTION :**

রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষন ঘোষনা করেছেন। নির্বাচন ঘোষনার সঙ্গে সঙ্গে শুধুমাত্র ত্রিস্তর পঞ্চায়েত এলাকায় নির্বাচনী আদর্শ আচরন বিধি বলবত হয়েছে বলে তিনি

জানান। তিনি জানান, আগামীকাল নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করা হবে। আগামীকাল থেকেই মনোনয়ন পত্র দাখিল করা যাবে। মনোনয়ন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৮ই জুলাই। মনোনয়ন পত্র পরীক্ষা করা হবে ১৯শে জুলাই। মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ২২শে জুলাই। ভোট নেওয়া হবে আগামী ৮ই আগস্ট। ভোট গ্রহন করা হবে সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। ভোট গননা করা হবে আগামী ১২ই আগস্ট। সমগ্র নির্বাচনী প্রক্রিয়া শেষ করা হবে আগামী ১৭ই আগষ্টের মধ্যে।

শ্রী চৌধুরী জানান ব্যালট পেপারে ভোট নেওয়া হবে। ভোটদানের সুবিধার্থে ত্রিস্তর পঞ্চায়েতের জন্য তিন রঙের ব্যালট পেপার ব্যবহার করা হবে। তিনি জানান, ৬০৬টি গ্রাম পঞ্চায়েতে আসন থাকবে ৬৩৭০টি। ৩৫টি পঞ্চায়েত সমিতির আসন সংখ্যা ৪২৩টি এবং ৮টি জিলা পরিষদে আসন রয়েছে ১১৬টি। তিনি জানান, নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রার্থীরা যাতে অবাধে মনোনয়নপত্র জমা দিতে পারেন তার জন্য ব্লকগুলোতেও পর্যাপ্ত পুলিশী ব্যবস্থা থাকবে। মনোনয়নপত্র জমার শেষ দিন আগামী ১৮ই জুলাই পর্যন্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করা যাবে বলে তিনি জানান। সাংবাদিক সম্মেলনে রাজ্য নির্বাচন কমিশনের সচিব অসিত কুমার দাস, রাজ্য পুলিশের এ আই জি আইন শৃঙ্খলা এল ডার্লং ও এ আই জি জয়ন্ত চক্রবর্তী বক্তব্য রাখেন।

************************

**Harijan Quarter-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আইজিএম হাসপাতাল সংলগ্ন হরিজন কলোনীতে নবনির্মিত হরিজন আবাসনের উদ্বোধন করেন। তিনি বলেন এই আবাসন নির্মাণের জন্য সুবিধাভোগীদের কাছ থেকে কোনও টাকা নেওয়া হয়নি। আবাসন নির্মাণে ব্যয় হয়েছে ২ কোটি ৯৩ লক্ষ টাকা। এরমধ্যে ১ কোটি ৪৬ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয় হয়েছে স্পেশাল ডেভেলপমেন্ট স্কিম থেকে এবং ১ কোটি ৪৬ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয় হয়েছে হাডকো থেকে ঋণের মাধ্যমে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, জেলাশাসক ড. বিশাল কুমার, তপশিলি জাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা অসীম সাহা প্রমুখ।

***************************

**TTAADC :**

এডিসির প্রশাসনিক কমিটির চেয়ারম্যান প্রদ্যোৎ কিশোর দেববর্মা আজ আগরতলায় এক অনুষ্ঠানে তিপ্রা হাম অটো লোন অনলাইন পোর্টালের উদ্বোধন করেন। তিনি বলেন, এডিসি এলাকায় বসবাসকারী জাতি জনজাতি সকল অংশের গরিব মানুষ যাতে আর্থিকভাবে স্বাবলম্বী হতে পারেন তার জন্য কম সুদে গ্রামীণ ব্যাংকের মাধ্যমে ব্যাটারি চালিত অটো কিনতে ঋণ দেওয়া ব্যবস্থা করে দিচ্ছে এডিসি প্রশাসন। তিনি বলেন, প্রথম ধাপে ৬০০ জনকে এই অটো দেওয়া হবে।

*****************************

**Awareness on 3 new law :**

নতুন তিনটি ফৌজদারি আইন নিয়ে আজ দক্ষিণ জেলার পোয়াংবাড়ি ব্লকের অন্তর্গত মাধবনগরে এক সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন আইনজীবী মণিদীপ্ত সরকার। তিনি নতুন তিনটি ফৌজদারি আইন সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা করেন।

******************************

**Transfer of police :**

রাজ্য পুলিশে আরও তিনজন আধিকারিকের দায়িত্বে রদবদল করা হয়েছে। রাজ্য সরকারের সাধারন প্রশাসনের অবর সচিব জে দত্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, আইপিএস সুম্বিকা আর ট্রাফিক পুলিশে অতিরিক্ত পুলিশ সুপার, মিনা কুমারি দেববর্মা ত্রিপুরা পুলিশ ক্রাইম ব্রাঞ্চে অতিরিক্ত পুলিশ সুপার এবং পান্না লাল সেন তেলিয়ামুড়ার এসডিপিও হিসেবে দায়িত্ব নেবেন।

*********************************

**PM, MEETING :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভিয়েনায় অস্ট্রিয়ার চ্যান্সেলর কার্ল নেহামারের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেছেন। এর মধ্যে রয়েছে বাণিজ্য ও বিনিয়োগ, বিজ্ঞান ও প্রযুক্তি, সবুজ শক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা, স্টার্ট-আপ, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন, সাংস্কৃতিক সহযোগিতা এবং জনগণের মধ্যে বন্ধন। উভয় নেতা পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়েও মতবিনিময় করেন। বৈঠকের পর একটি প্রেস বিবৃতিতে শ্রী মোদি বলেন, জলবায়ু পরিবর্তন এবং সন্ত্রাস সহএই মুহূর্তে মানবতার সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ নিয়ে তাঁরা আলোচনা করেছেন। প্রধানমন্ত্রী বলেন, আন্তর্জাতিক সৌর জোট, দুর্যোগ প্রতিরোধী পরিকাঠামো এবং জৈব জ্বালানী জোট সহ ভারতের উদ্যোগে যোগ দিতে অস্ট্রিয়াকে তিনি আমন্ত্রণ জানিয়েছেন ।

প্রধানমন্ত্রী বলেন, গণতন্ত্র এবং আইনের শাসনের মতো মূল্যবোধে বিশ্বাস ভারত-অস্ট্রিয়া সম্পর্কের শক্তিশালী ভিত্তি। তিনি বলেন,

পারস্পরিক আস্থা ও স্বার্থের মাধ্যমে সম্পর্ক শক্তিশালী হয়। শ্রী মোদি বলেন, আজ তাঁর এবং চ্যান্সেলর নেহমারের মধ্যে অত্যন্ত ফলপ্রসূ কথোপকথন হয়েছে।

ইউক্রেন এবং পশ্চিম এশিয়ার পরিস্থিতি সহ বিশ্বের চলমান সমস্ত সংঘাত নিয়েও উভয় নেতা বিস্তারিত আলোচনা করেছেন।

বৈঠকে তাঁরা জাতিসংঘ ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থাগুলোকে সমসাময়িক ও কার্যকর করার জন্য সংস্কারের প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

অস্ট্রিয়ার চ্যান্সেলর কার্ল নেহাম্মার বলেছেন, পরিকাঠামো, সমাজে ডিজিটালাইজেশন এবং বিশাল গতিতে পরিকাঠামো বিকাশের ক্ষেত্রে ভারতের সাফল্য চিত্তাকর্ষক।

আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে ৪১ বছরে ভারতীয় প্রধানমন্ত্রীর অস্ট্রিয়ায় এটি প্রথম সফর। সফরকালে, শ্রী মোদি অস্ট্রিয়ার রাষ্ট্রপতি আলেকজান্ডার ভ্যান ডার বেলেনের সঙ্গে সাক্ষাত করবেন। ভিয়েনায় ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সঙ্গেও মতবিনিময় করবেন প্রধানমন্ত্রী।

*******************************

**PM, Austria :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং অস্ট্রিয়ার চ্যান্সেলর কার্ল নেহামার ভিয়েনার হফবার্গ প্যালেসে যৌথভাবে শীর্ষস্থানীয় ভারতীয় ও অস্ট্রিয়ান সিইওদের সঙ্গে একটি গোলটেবিল ব্যবসায়িক বৈঠক করেন। শ্রী মোদি পরিকাঠামো, পুনর্নবীকরণযোগ্য শক্তি, গ্রীন সেক্টর, নতুন এবং উদীয়মান প্রযুক্তি, ফিনটেক, স্টার্ট-আপ,

উদ্ভাবন সহ বিভিন্ন ক্ষেত্রে ভারতীয় এবং অস্ট্রিয়ান কোম্পানিগুলির মধ্যে সহযোগিতার উল্লেখযোগ্য সম্ভাবনা তুলে ধরেন। তিনি অস্ট্রিয়ান কোম্পানিগুলিকে ভারতে বিনিয়োগের জন্য আমন্ত্রণ জানান।

******************************

**J.P. Nadda, Dengue :**

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডার পৌরহিত্যে আজ দেশে ডেঙ্গুর বিস্তার রোধে প্রস্তুতির মূল্যায়ন করতে স্বাস্থ্য মন্ত্রকের ঊর্ধ্বতন কর্মকর্তাদের নিয়ে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। আজ নতুন দিল্লিতে সাংবাদিক সম্মেলনে শ্রী নাড্ডা বলেন যে মন্ত্রক ডেঙ্গু প্রতিরোধ, নিয়ন্ত্রণ এবং ব্যবস্থাপনার জন্য পরিকল্পনা তৈরি করছে এবং রাজ্যগুলির সঙ্গে তাল মিলিয়ে কাজ করছে। তিনি জানান যে মন্ত্রক একটি চব্বিশ ঘন্টার ডেঙ্গু হেল্পলাইন চালু করবে এবং রাজ্যগুলিকেও আগামী ৪-৫ দিনের মধ্যে এই ধরনের হেল্পলাইন চালু করতে বলা হয়েছে। তিনি আরও বলেন যে স্বাস্থ্য মন্ত্রক আরও ভাল সমন্বয় এবং পরিকল্পনা করার জন্য শিক্ষা, আবাসন এবং নগর উন্নয়নের মতো মন্ত্রকের সঙ্গে আন্তঃক্ষেত্রীয় এবং আন্তঃবিভাগীয় বৈঠক করবে। তিনি আগামী দু'দিনের মধ্যে ঝুঁকিপূর্ণ ও সমস্যাসঙ্কুল রাজ্যগুলির সঙ্গেও বৈঠক করবেন। তিনি কেন্দ্রীয় হাসপাতালগুলিকে ডেঙ্গু চিকিৎসার ওয়ার্ড, নিবেদিত ব্যবস্থাপনা এবং চব্বিশ ঘন্টা স্বাস্থ্যসেবা প্রাপ্যতা সহ রাজ্যগুলিকে স্কুলগুলির জন্য নির্দেশিকা জারি করার নির্দেশ দিয়েছেন।

**************************

**Tree plantation-Belonia College :**

বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজের জাতীয় সেবা প্রকল্পের উদ্যোগে আজ কলেজ প্রাঙ্গণে বনমহোৎসব পালিত হয়। জাতীয় সেবা প্রকল্প ইউনিটের স্বেচ্ছাসেবকরা কলেজে নিজেরদের নার্সারি থেকে চারা গাছ সংগ্রহ করে কলেজ প্রাঙ্গণেই রোপণ করে। এন.এস.এস-এর প্রোগাম অফিসার অধ্যাপক অভিজিৎ চৌধুরী ও কলেজ উন্নয়ন কমিটির সহ সম্পাদক অধ্যাপক মনিষ প্রসাদ বৃক্ষরোপণে ছাত্রছাত্রীদের উৎসাহিত করেন।

*****************************

**CITU :**

সর্বভারতীয় কর্মসূচি অনুসারে ১২ দফা দাবিতে আজ রাজ্যেও সিআই টি ইউ উদ্যোগে দাবি দিবস পালন করা হয়। এ উপলক্ষে আগরতলার সি.আই.টি.ইউ কার্যালয় থেকে একটি মিছিল শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। ওরিয়েন্ট চৌমুহনীতে এক জমায়েতে সি আই টি ইউ রাজ্য সভাপতি মানিক দে বলেন ১২ দফা দাবির মধ্যে রয়েছে, সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে শ্রমিকদের সমকাজে সমবেতন প্রদান, নুতন পেনশন স্কিম বাতিল করে পুরনো পেনশন ব্যবস্থা চালু করা ইত্যাদি। তিনি রাজ্যে অঙ্গনওয়াড়ি ও আশা কর্মী এবং পাম্প অপারেটারদের সঠিকভাবে সময়মতো বেতন ও দেওয়া হচ্ছে না বলেও অভিযোগ করেন। শ্রী দে চুক্তিবদ্ধ শ্রমিকদের ন্যূনতম ২৬ হাজার টাকা বেতন প্রদানেরও দাবি জানান।

*****************************

**Youth Congress/ NSUI :**

রাজ্যে বেশ কিছু বিদ্যালয় বন্ধ করে দিতে রাজ্য সরকারের সিদ্ধান্তের প্রতিবাদে আজ আগরতলা শহরে যুব কংগ্রেস ও এনএসইউআই বিক্ষোভ মিছিল সংগঠিত করে। মিছিলে নেতৃত্ব দেন যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা, প্রদেশ কংগ্রেসের প্রচার সম্পাদক আমির হোসেন। বিক্ষোভ মিছিলটি মুখ্যমন্ত্রীর বাড়ির সামনে পৌঁছতেই পুলিশ তার গতি রোধ করে।

*****************************

**Asha Facilitator Workshop-South :**

আজ বিলোনিয়ায় দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের অফিসে আশা ফেসিলেটরদের নিয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় স্টপ ডায়রিয়া অভিযান সফল করা, বাড়ি বাড়ি গিয়ে লবনে আয়োডিন পরীক্ষা ও জনসংখ্যা নিয়ন্ত্রণকল্পে গৃহীত কর্মসূচিগুলি রুপায়নে আশা কর্মীদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিত করা হয়। কর্মশালায় বক্তব্য রাখেন জেলা আশা প্রোগ্রাম ম্যানেজার দীপশিখা সোম ও জাতীয় স্বাস্হ্য মিশন প্রকল্পের মিডিয়া এক্সপার্ট মানস চক্রবর্তী।

*****************************

**Loco pilot :**

ট্রেনের সুগম ও সুরক্ষিত চলাচলের সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত প্রধান দুটি ক্যাটাগরি তথা লোকো পাইলট ও অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট সহ রানিং রুম স্টাফদের জন্য রানিং রুমগুলিতে সর্বোত্তম সুযোগ-সুবিধা প্রদানের জন্য উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে সর্বদা একনিষ্ঠ ও আন্তরিক।

উত্তর পূর্ব সীমান্ত রেলের আধুনিক সুযোগ-সুবিধা সহ মোট ৪২টি রানিং রুমের প্রত্যেকটিতে সংযুক্ত শৌচালয় সহ পর্যাপ্ত আয়তনের ডাবল বেডের সাউন্ড প্‌রুফ রুম, ধ্যান এবং যোগ অনুশীলন করার জন্য ধ্যান কক্ষ রয়েছে। এছাড়াও বিশুদ্ধ পানীয় জল পর্যাপ্ত খাবার দাবার এবং আধুনিক সরঞ্জাম সহ জিমনোসিয়াম ইত্যাদি রয়েছে। এই সুবিধাগুলি লোকো পাইলট ও অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলটের মতো রানিং স্টাফদের প্রদান করা হয়, যাতে কর্তব্য শেষ হওয়ার পর তাঁরা শারীরিক ও মানসিকভাবে পর্যাপ্ত বিশ্রাম লাভ করেন এবং সতেজ ভাব নিয়ে পুনরায় তাঁদের কর্তব্য শুরু করতে পারেন।

**************************

**Third Division League :**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত দুটি খেলায় সরোজ সংঘ ও উমাকান্ত কোচিং সেন্টার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় সরোজ সংঘ ১৩-০ গোলে আমরা কজনাকে হারিয়ে দেয়। একই মাঠে অপর খেলায় উমাকান্ত কোচিং সেন্টার ১-০ গোলে কদমতলী যুব সংস্থাকে পরাজিত করে।

************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ

তাপমাত্রা ছিল ৩২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৫ দশমিক ৫ মিলিমিটার।

**************************